

বাতাসে বারুদের গন্ধ

|||||

ধর্ষিতা নারী খুঁজে ফিরে বাড়ী

কোলেতে শিশুর লাশ

বাতাসে শুধু বারুদের গন্ধ

এ কি লাল সন্ত্রাস।

বৃদ্ধা মাতা ছেলের খোঁজে

নাঠিতে দিয়ে ভর

ফেলে আসে তার অনেক

স্বাদের সবুজে ঘেরা ঘর।

অসহায় পিতা মর্গে মর্গে

খুঁজে ফিরে ছেলের লাশ

শান্তির নামে নন্দীগ্রামে

এ কি লাল সন্ত্রাস।

মর্গে শায়িত শিশুর লাশ

বুকেতে বুলেট বিদ্ধ

সন্তান-হারা বাবা-মা রা সব

আজকে যে, বাকরুদ্ধ।

পুলিশের বুটে চাপা পরে হাসি

অনাথ শিশু কাঁদে,

বাবা-মা তার হয়েছে বলি

তাল পাটি খালের বাঁধে।

সোনাচূড়ায় আজ লাশের চূড়া

লাল যে নদীর জল

মর্গে মর্গে লাশের সারি

মৃত্যুর কোলাহল।

এলো-মেলো দেহে নব-বধু বসে

রক্তে তাহার আঁচল ভিজে

খোলা চোখ তবু বন্ধ

নিঃশ্বাসে পায়, বাতাসে শুধু

পোড়া বারুদের গন্ধ।।

মীর গোলাম সাবীর আলী

আমার কবিতা সংগ্রহ .

৯৮৩৬১০৭৯৫৭